দৈনিক ইত্তেফাক

JUN 02 2002

তারিখ ...
পৃঃ ৪ কলাম ৪

## এইচএসসি পরীক্ষার অতিরিক্ত ফিস আদায় প্রসঙ্গে

কিশোরগঞ্জ জেলার মনোহরদী উপজেলাধীন ক্ষিদিরপুর কলেজে এবারের এইচএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে শিক্ষা বোর্ডের নির্দেশ উপেক্ষা করে অতিরিক্ত ফি আদায় করা হয়েছে। আবার প্রবেশপত্র বাবদ জনপ্রতি নেয়া হয়েছে দু'শ টাকা করে। এ কলেজ থেকে ৫৮২ জন ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক পরীক্ষার্থীর নির্ধারিত ফিস অনুযায়ী এক পরীক্ষার্থীর সর্বোচ্চ ফি হচ্ছে ১০টি বিষয়ে ৪০ টাকা হারে ৪০০ টাকা, কেন্দ্র ফিস ৮০ টাকা ও অন্যান্য ১০০ টাকাসহ মোট ৫৮০ টাকা। অথচ আদায় করা হয়েছে ১ হাজার ৩শ' ১০ টাকা। কোচিং ফি ও অন্যান্য খাত দেখিয়ে বিপুল পরিমাণ টাকা নেয়া হয়েছে। আর এই টাকা দিতে গিয়ে অভিভাবকগণ রীতিমত হাঁপিয়ে উঠেছেন। প্রায় সকল অভিভাবকই কৃষিজীবী ও দরিদ্র। অনেক অভিভাবক ফিসের টাকা সংগ্রহের জন্য গরু-ছাগল, গাছগাছালি সস্তা দামে বিক্রি করেছেন। আবার অনেকে চড়া সুদে মহাজনদের কাছ থেকে টাকা নিয়েছেন। প্রবেশপত্র বাবদ মোট আদায় করা হয়েছে ১ লাখ ১৬ হাজার ৪ শ' টাকা। আদায়কৃত এই অর্থের কোন রশিদ দেয়া হয়নি। বিষয়টির প্রতি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

আমিনুল ইসলাম,
কটিয়াদী,
কিশোরগঞ্জ ২৩৩০।